# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/৮৭৫(ক)　　　　　　　　　　　　　　　　　　তারিখ:৭.১২.২০২১

**বিষয়: "কোহিনুর জুট মিলস হাই স্কুল" এর অ-অনুমোদিত "ঘাগটিয়া" শাখার বিরুদ্ধে আনীত বিভিন্ন অনিয়মের অভিযোগ তদন্ত পূর্বক বোর্ডের গৃহীত পদক্ষেপ ও সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ প্রসঙ্গে:-**

সূত্র ১. শিক্ষা মন্ত্রণালয়ের ২৪/১০/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৯৫

২. বোর্ডের ০৪/১১/২০১৯ তারিখের স্মারক নং ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/১৬৮০(৮)

৩. চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা ঢাকা কর্তৃক ১৬-০৩-২০২০ স্মারক নং- ৩৭.০৮.০০০০.৫০১.১৬.০০২.২০.১০২. এর মাধ্যমে জেলা প্রশাসক, নরসিংদী বরাবর প্রেরিত পত্র।

৪. শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের স্মারক নং- শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬

৫. শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫

৬. শিক্ষা মন্ত্রণালয়ের ২৪/১০/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৯০

৭. বোর্ডের ০৪/১১/২০১৯ তারিখের স্মারক নং- ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/১৬৭৯(০৮)

৮.জেলা শিক্ষা অফিসারের কার্যালয় নরসিংদী ২৮/০১/২০২০ তারিখের স্মারক নং- জেশিঅ/নর:/২০/৪০/১০

৯. মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৬৮৯/২০২০ তাং-০৯/০৩/২০২০ এর আদেশ

১০. মাহামান্য সুপ্রীম কোর্টের অ্যাপিলিয়েট ডিভিশন কতৃক সিভিল পিটিশন নং-৬১৫/২০২০ তাং-১৬/০৭/২০ এর আদেশ

১১. বোর্ডের ১১/০১/২০১১ তারিখের স্মারক নং ঢাশিবো/বি/৩৫/নরসিংদী/৪২২৭ এর নির্দেশনা মোতাবেক গঠিত তদন্ত কমিটি কতৃক গত ১৮/১০/২০২১ তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন।

১২. প্রফেসর মো: মনোয়ার হোসেন,পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল,ঢাকা কর্তৃক স্মারক নং- মাউশি/ঢাঅ/সেসিপ/তদন্ত/২০১৭/৭৯৪ তারিখ:০৮/০৮/২০১৯ এর মাধ্যমে প্রেরিত তদন্ত প্রতিবেদন

উপর্যুক্ত বিষয় সূত্রের প্রেক্ষিতে,সূত্রোক্ত (১১) নং ক্রমিকে উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক, গৃহীত তদন্ত প্রতিবেদনের আলোকে নরসিংদী জেলার রায়পুরা উপজেলাধীন "কোহিনূর জুট মিলস হাই স্কুল" এর অ-অনুমোদিত "ঘাগটিয়া" শাখার বিরুদ্ধে আনীত বিভিন্ন অনিয়মের অভিযোগ সমূহ সরজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদন অনুযায়ী উক্ত অ-অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের বিষয়ে বোর্ডের গৃহীত পদক্ষেপ ও সিদ্ধান্ত সমূহ নিম্নরুপ :-

**(ক)** "কোহিনুর জুট মিলস হাই স্কুল , ঘাগটিয়া" ঠিকানা মুলে যে ১৪ শতাংশ জমিতে বিদ্যালয়ের ০৩(তিন) টি টিনশেড ঘর স্থাপিত আছে সে জমিটি উক্ত বিদ্যালয়ের নামে রেজিস্ট্রিকৃত নয় যা বেসরকারী উদ্যোগে মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীনা শিক্ষা প্রতিষ্ঠান ( স্কুল,কলেজ, মাদ্রাসা) স্থাপন চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা পরিশিষ্ঠ- ১(৪) এর পরিপন্থী ।

উল্লেখ্য যে,ইতিপূর্বে পত্রাংশের (১)নং ক্রমিকের উল্লিখিত, শিক্ষা মন্ত্রণালয়ের কর্তৃক প্রেরিত পত্রের আলোকে আদিষ্ট হয়ে বোর্ড (২) নং ক্রমিকে উল্লিখিত স্মারক ও তারিখে প্রেরিত পত্রের মাধ্যমে "কোহিনুর জুট মিলস হাই স্কুল,ঘাগটিয়া" ক্যাম্পাসের কার্যক্রম বন্ধ এবং উক্ত ক্যাম্পসের শিক্ষার্থীদের "কোহিনুর জুট মিল হাই স্কুল,গৌরীপুর" ক্যাম্পাসে একীভূতকরনের নির্দেশনা প্রদান করা হয়। বিদ্যালয়টি বোর্ডের উক্ত নির্দেশনা অনুসরন না করে অ-অনুমোদিত ভাবে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে যা বোর্ডের আদেশ /নির্দেশ অবমাননার সামিল।

বিদ্যালয়টি স্থানান্তরের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক কোন নির্দেশনা না থাকায় , পত্রাংশের (১) ও (২)নং ক্রমিকে উল্লিখিত পত্রের নির্দেশনা অনুসরণ করে "কোহিনুর জুট মিলস হাই স্কুল ঘাগটিয়া, রায়পুরা , নরসিংদী" নামক অ- অনুমোদিত শাখার পাঠদান/বিভিন্ন শ্রেণিতে ভর্তিসহ প্রাতিষ্ঠানিক শিক্ষার সকল কার্যক্রম পূণরায় বন্ধ ঘোষণা করা হলো এবং স্কুল স্থানান্তরের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক কোন প্রকার সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত বিদ্যালয়টি "কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর ,রায়পুরা,নরসিংদী (EIIN:112788)" নামে পরিচালিত হবে এবং প্রাতিষ্ঠানিক সকল শিক্ষা কার্যক্রম পরিচালনা করবে।

**(খ)** (i) সূত্রোক্ত (৪) হতে(৬) নং ক্রমিকে উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিক পত্রের আলোকে আদিষ্ট হয়ে বোর্ড (৭)নং ক্রমিকে উল্লিখিত স্মারক ও তারিখে জেলা শিক্ষা অফিসার, নরসিংদী বরাবর প্রেরিত পত্রের মাধ্যমে "কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর,রায়পুরা, নরসিংদী" বিদ্যালয়টিতে প্রধান শিক্ষক/ সহ: প্রধান শিক্ষক পদটি শূন্য থাকায়, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে সহকারী প্রধান শিক্ষক বা সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহন পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করেছেন। পরবর্তীতে জেলা শিক্ষা অফিসার নরসিংদী সূত্রোক্ত (৮) নং ক্রমিকের উল্লিখিত পত্রের মাধ্যমে "কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর,রায়পুরা, নরসিংদী" প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের মধ্যে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক জনাব, আছমা বেগম কে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান করা হয়।

০৫/১২/২০২১

(ii) উল্লেখ্য জেলা শিক্ষা অফিসার নরসিংদী কর্তৃক প্রেরিত পত্রের ( সূত্রোক্ত ৮নং ক্রমিকে উল্লিখিত )আদেশের বিরুদ্ধে জনাব, আতিকুর রহমান বাদী হয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১৬৮৯।২০২০ (সূত্রোক্ত ৯ নং ক্রমিকে উল্লিখিত) দাখিল করেন। উক্ত রিট পিটিশনের ০৯/০৩/২০২০ তারিখের আদেশে বিধি নন-প্রসিকিউশনের জন্য খারিজ করা হয়।

(iii) অপর পক্ষে জনাব, আছমা বেগম বাদী হয়ে রিট পিটিশন ১৬৮৯/২০২০ এর আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টে সিভিল পিটিশন নং-৬১৫/২০২০ (সূত্রোক্ত ১০ নং ক্রমিকে উল্লিখিত) দায়ের করেন । উক্ত সিভিল পিটিশনের আদেশ মোতাবেক জনাব, আছমা বেগম প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) হিসেবে বহাল আছেন। সেক্ষেত্রে তাঁর প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে আইনগত কোন বাঁধা নাই।

(iv) সূত্রোক্ত (৩) থেকে (১১) নং ক্রমিকে উল্লিখিত, যথাক্রমে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, জেলা শিক্ষা অফিসার, নরসিংদী, মাহামান্য সুপ্রীম কোর্টের সিভিল পিটিশনের আদেশ, প্রফেসর মোঃ মনোয়ার হোসেন,পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল,ঢাকা কর্তৃক (সূত্রোক্ত ১২নং ক্রমিকে উল্লিখিত) প্রেরিত তদন্ত প্রতিবেদন এবং সর্বশেষ বোর্ড কর্তৃক প্রদত্ত তদন্ত প্রতিবেদনের মতামত ও সুপারিশ অনুযায়ী "কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর, রায়পুরা,নরসিংদী" বিদ্যালয়টিতে বর্তমানে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক পদ শূণ্য থাকায়, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম পি ও নীতিমালা-২০২১ অনুযায়ী, উক্ত বিদ্যালয়ে বর্তমানে এমপিও ভূক্ত শিক্ষকদের মধ্যে সহকারী শিক্ষক জনাব, আছমা বেগম (ইনডেক্স নং-২৮২৬৪৮৯) এম.পিও ভূক্তির তারিখের দিন থেকে জ্যেষ্ঠ হওয়ায় উক্ত জনবল কাঠামো-২০২১ এর অনু:-১৭.১০ অনুযায়ী তিনি (জনাব আছমা বেগম) প্রতিষ্ঠান প্রধান/প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করবেন। পত্রাংশের **"ক" ও "খ"** এ উল্লিখিত বোর্ডের গৃহীত পদক্ষেপ ও সিদ্ধান্ত সমূহ আপনাকে অবহিত করণ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিধায় আপনার সহযোগিতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৫/১২/২০২১

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা।

প্রাপক
জেলা প্রশাসক
নরসিংদী

মেমো নং-৮৭৫(ক)(৭) তারিখ:৭/১২/২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পুলিশ কমিশনার,নরসিংদী
(প্রয়োজনীয় ব্যবস্থা ও সহযোগিতার অনুরোধ সহ)
২। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা , নরসিংদী চেয়ারম্যান
(প্রয়োজনীয় ব্যবস্থা ও সহযোগিতার অনুরোধ সহ)
৩। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী
৪। প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত), কোহিনুর জুট মিল হাই স্কুল,গৌরীপুর, রায়পুরা,নরসিংদী
৫। জনাব, আতিকুর রহমান,ঘাগটিয়া, রায়পুরা,নরসিংদী
৬। পি.এস টু চেয়ারম্যান
৭। অফিস কপি

৫/১২/২১

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা।